গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.emrd.gov.bd

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২০.৯৯.০৪৮.১৮.১৩৬২

তারিখ: ১১ চৈত্র ১৪২৬
২৫ মার্চ ২০২০

বিষয়: **করোনাভাইরাস (Covid-19) এর সংক্রমণের ঝুঁকি ও প্রাদুর্ভাব প্রতিরোধে করণীয় সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে করোনাভাইরাস (Covid-19) সংক্রমণের ঝুঁকি ও প্রাদুর্ভাব প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এ বিভাগ কর্তৃক নিম্নোক্ত নির্দেশনা যথাযথভাবে পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং এর অধীন দপ্তর/সংস্থার উর্ধ্বতন কর্মকর্তাগণের আবাসস্থলে ন্যূনতম অফিসিয়াল দায়িত্ব পালনের ব্যবস্থা রাখতে হবে;

খ) আগামী ২৬ মার্চ ২০২০ হতে ০৪ এপ্রিল ২০২০ তারিখ পর্যন্ত ঘোষিত সরকারি ছুটিতে গ্যাস সরবরাহ স্বাভাবিক, নিরবচ্ছিন্ন ও নির্বিঘ্ন রাখতে হবে। বিশেষত: প্রি-পেইড দ্বারা সংযুক্ত সংযোগসমূহ (কার্ড রিচার্জ/গ্যাস সরবরাহ) নিরবচ্ছিন্ন রাখতে হবে। গ্যাস বিতরণ কোম্পানিসমূহের ব্যবস্থাপনা পরিচালকগণ তা নিশ্চিত করবেন;

গ) চাহিদার নিরিখে গ্যাস উৎপাদন ব্যবস্থা নিয়ন্ত্রণে ন্যূনতম এলএনজি গ্রহণের শর্ত প্রতিপালনের পাশাপাশি স্থানীয় উৎপাদন হ্রাস/বৃদ্ধির মাধ্যমে সমন্বয় করতে হবে;

ঘ) গ্যাস বিতরণ ও নিয়ন্ত্রণ কাজে নিয়োজিত জরুরী টিমের (Emergency Response Team) বিকল্প টিম প্রস্তুত রাখতে হবে;

ঙ) দাপ্তরিক কাজে ব্যবহৃত প্রতিটি স্থাপনা ও সরঞ্জামাদি নিয়মিত ব্লিচিং ওয়াশ করতে হবে;

চ) প্রতিদিন প্রতিটি পর্যায়ে যোগাযোগ রক্ষা করা এবং প্রত্যেক স্তরে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবগত করতে হবে;

ছ) প্রত্যেক দপ্তর/স্থাপনার প্রবেশ পথে স্যানিটাইজ (হ্যান্ড ওয়াশ) ও থার্মাল গান ইত্যাদির ম্যাধ্যমে ব্যক্তিগত সুরক্ষা নিশ্চিত করতে হবে;

জ) প্রত্যেক দপ্তর/স্থাপনায় আইসোলেশন কক্ষ প্রস্তুত করতে হবে এবং কোন লক্ষণ প্রকাশ পেলে রোগীকে সেখানে রেখে সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/সংস্থাকে সংবাদ দিতে হবে;

ঝ) প্রত্যেক দপ্তর/সংস্থায় চালকসহ এ্যাম্বুলেন্সগুলো সার্বক্ষণিক প্রস্তুত রাখতে হবে। প্রত্যেকবার ব্যবহারের পর এ্যাম্বুলেন্স জীবাণুমুক্ত করতে হবে;

ঞ) প্রত্যেক দপ্তর/স্থাপনায় নিয়ন্ত্রণ কক্ষ খুলতে হবে এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার টেলিফোন নম্বর সংশ্লিষ্ট দপ্তর/স্থাপনার ওয়েবসাইটে প্রকাশ করাসহ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে;

ট) প্রত্যেক দপ্তর/স্থাপনায় ব্যবহৃত যানবাহন যথাযথ প্রক্রিয়ায় জীবাণুমুক্ত করতে হবে;

ঠ) জরুরি প্রয়োজনে স্থানীয় প্রশাসনের (জেলা প্রশাসন, পুলিশ বিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তর) সংগে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে হবে;

ড) করোনাভাইরাস প্রতিরোধে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনাবলী অনুসরণ করতে হবে;

ঢ) এ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীদেরকে নিজ নিজ কর্মস্থলে অবস্থান করতে হবে; এবং

ণ) বিশেষ জরুরি প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে আবাসস্থল ত্যাগ করতে হবে; এবং

ত) এ বিষয়ে জরুরি প্রয়োজনে অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মোঃ মোস্তফা কামাল (০১৭১১-৯৪২০২২) এবং উপসচিব (প্রশাসন-১ অধিশাখা) মোছাম্মাৎ ফারাহানা রহমান (০১৭১২-৮৭২০৭৩) এর সাথে যোগাযোগ করতে হবে।

২৫-৩-২০২০

মোছাম্মাৎ ফারহানা রহমান
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৯৫১৪১৬৫
ইমেইল: dsadmin1@emrd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) চেয়ারম্যান (সরকারের সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি), চট্টগ্রাম।
২) চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা), ঢাকা।
৩) মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই), ঢাকা।
৪) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), ঢাকা।
৫) মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, ঢাকা।
৬) মহাপরিচালক  (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি), ঢাকা।
৭) সচিব, সচিব-এর দপ্তর, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি), ঢাকা।
৮) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ (অতিরিক্ত দায়িত্ব), প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর, ঢাকা।
৯) ব্যবস্থাপনা পরিচালক (সকল)
১০) সিষ্টেম এনালিষ্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২০.৯৯.০৪৮.১৮.১৩৬২/১(৮৯)

তারিখ: ১১ চৈত্র ১৪২৬
২৫ মার্চ ২০২০

অনুলিপি:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৭) সকল কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৮) সকল কর্মচারী, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

২৫-৩-২০২০
মোছাম্মাৎ ফারহানা রহমান
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
প্রশাসন বিভাগ

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.০৩৩.০৭.০০০.২০-১৭৮

তারিখ: ১১ চৈত্র ১৪২৬
২৫ মার্চ ২০২০

করোনা ভাইরাস (Covid-19) এর সংক্রমণের ঝুঁকি ও প্রাদুর্ভাব প্রতিরোধে করণীয় সংক্রান্ত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্মারক নম্বর : ২৮.০০.০০০০.০২০.৯৯.০৪৮.১৮.১৩৬২ তারিখ : ২৫.০৩.২০২০ এর নির্দেশনা বিজিএফসিএল-এর সকল কর্মকর্তা-কর্মচারীগণের সদয় অবগতি এবং প্রতিপালন ও অনুসরণের জন্য পৃষ্ঠাঙ্কনপূর্বক প্রেরণ করা হলো।

২। বিষয়টি অধীনস্ত কর্মকর্তা-কর্মচারীগণে-কে অবহিতকরণের অনুরোধ করা হলো।

২৫-৩-২০২০
এ.টি.এম. শাহ আলম
মহাব্যবস্থাপক (প্রশাসন)

১) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
২) মহাব্যবস্থাপক (সকল)
৩) উপ-মহাব্যবস্থাপক (সকল)/ব্যবস্থাপক (সকল)